# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
চট্টগ্রাম পওর বিভাগ-২
বাপাউবো, বহদ্দারহাট, চট্টগ্রাম।
ফোন: ০২৩৩৪৪৫৩৬১২

Office of the Executive Engineer
Chittagong O&M Division-2
BWDB, Chattogram.
Phone: 02334453612
E-mail: xen.ctg2@gmail.com

স্মারক নং- ৪২.০১.১৫০০.৫৮২.০৭.০০৯.২৩- ১৬৯৩ তারিখ: ১৯-০৬-২০২৩

**"সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ০৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীন কার্য ক্রয় ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্ত ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং- ৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪; তারিখঃ ২০-০৭-২০২০খ্রি. এর ধারাবাহিকতায় ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির নির্ধারিত আবেদন ফরম এর মূল্য পরিশোধ সাপেক্ষে সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয় এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি আবেদন ফরম বিক্রয় ও গ্রহনের তফসিলঃ

| ক্রমিক নং | আবেদনের ধরণ | ফরম বিক্রয় আরম্ভের তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভুক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য/পণ্য) | ০৫-০৭-২০২৩খ্রি. | ৩১-০৭-২০২৩ খ্রি. | ৩১-০৭-২০২৩ খ্রি. |

২। তালিকাভুক্ত ঠিকাদার/সরবরাহকারীদের নবায়নের তফসিলঃ

| ক্রমিক নং | নিবন্ধন বহি জমাদান আরম্ভের তারিখ | নিবন্ধন বহি জমাদান সমাপ্তির তারিখ | নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান আরম্ভের তারিখ | নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান সমাপ্তির তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ০৫-০৭-২০২৩ খ্রি. | ৩১-০৭-২০২৩ খ্রি. | ১৫-০৮-২০২৩খ্রি. | ৩১-০৮-২০২৩খ্রি. |

ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলী:

| ক্র.নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ০১. | আবেদনের যোগ্যতা | (১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, (২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, (৩) ২৫ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সি/বিবরণী, (৪) জাতীয় পরিচয়পত্র, (৫) পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি, (৬) প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা, (৭) ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- টাকার স্টাম্পের অঙ্গিকারনামা, (৮) অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদনে উল্লেখিত সকল শর্তাবলী পূরণ করতে হবে। |
| ০২. | আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। |
| ০৩. | তালিকাভুক্তির নিবন্ধন ফি | নিবন্ধন ফি ৫০০০ (পাঁচ হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০(সাতশত পঞ্চাশ) টাকার পৃথক ২টি অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |
| ০৪. | নবায়ন ফি | নবায়ন ফি ২০০০ (দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০(তিনশত) টাকার পৃথক ২টি অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

৩। তালিকাভুক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে কমিটি কর্তৃক মূল্যায়নের পর নিবন্ধন বহি ইস্যু করা হবে।
৪। ইতোপূর্বে অত্র দপ্তর হতে ইস্যুকৃত নিবন্ধন বহির শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়ন করা যাবে।

উল্লেখ্য, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্তির আবেদনপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতাবান।

(নাহিদ-উজ-জামান খান)
নির্বাহী প্রকৌশলী
পরিচিতি নং- ৮৫০১০৫০০১

চলমান পাতা-২

স্মারক নং: ৪২.০১.১৫০০.৫৮২.০৭.০০৯.২৩- ৯৩৯৩

তারিখ: ১৯-০৬-২০২৩খ্রি:

সদয় অবগতি/অবগতির জন্য অনুলিপি (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬ (৭মতলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৯ (১০ম তলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত জাতীয় ও আঞ্চলিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬ (৭মতলা), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫। নোটিশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৬। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম।
৭। প্রাক্কলনিক, অত্র দপ্তর।
৮। নোটিশ বোর্ড।
৯। নথির কপি।

নির্বাহী প্রকৌশলী
চট্টগ্রাম পওর বিভাগ-২
বাপাউবো, চট্টগ্রাম।

ডায়েরী নং
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী

তারিখঃ
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা